অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন সংস্কার উদ্যোগের অংশ হিসেবে হিকসভিলে একটি 189-ইউনিট আবাসন উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপনের ঘোষণা দিয়েছেন

111.8 মিলিয়ন মার্কিন ডলারের হাউজিং কমপ্লেক্স একটি প্রাণবন্ত ডাউনটাউনকে সমর্থন করতে সহায়তা করবে যা স্থানীয় ব্যবসায়ের সুযোগগুলো উন্নত করতে এবং একটি মডেল কমিউনিটি তৈরি করতে নতুন আবাসন অন্তর্ভুক্ত করতে এর "মূল সড়কের" বৈশিষ্ট্যকে প্রতিফলিত করে

উন্নয়ন প্রকল্প ডাউনটাউনে মিশ্র-ব্যবহারের সাশ্রয়ী মূল্যের আবাসন অপশনগুলো প্রসারিত করে হিকসভিলের ডাউনটাউন সংস্কার উদ্যোগ কৌশলের পরিপূরক হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ভিত্তিপ্রস্তর স্থাপনের ঘোষণা দেন এবং হিকসভিলের ডাউনটাউনে প্রায় 112 মিলিয়ন মার্কিন ডলারের মিশ্র-ব্যবহারের ট্রানজিট-ভিত্তিক উন্নয়নের স্থানটি পরিদর্শন করেন, যা কমিউনিটির ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative, DRI) ফান্ডিং কর্মসূচি থেকে বেরিয়ে আসার স্টেটের অন্যতম প্রধান মূলধন প্রকল্পগুলোর একটি। 189টি-ইউনিট বিশিষ্ট আবাসন ও রিটেইল উন্নয়ন লং আইল্যান্ড রেলপথ স্টেশন সংলগ্ন একটি অব্যবহৃত সম্পত্তিকে সংস্কার করবে এবং স্থানীয় কমিউনিটির লক্ষ্য ও স্টেটের জন্য গভর্নরের আবাসন অগ্রাধিকার উভয়কেই এগিয়ে নিয়ে যাবে।

"এই সর্বশেষ DRI প্রকল্পটি লং আইল্যান্ড রেলপথ থেকে প্রায় 200টি নতুন বাড়ি, প্রাণবন্ত রিটেইল স্পেস এবং যথেষ্ট আন্ডারগ্রাউন্ড পার্কিং এনে স্থানীয় অর্থনীতিকে উজ্জীবিত করতে সহায়তা করবে," **গভর্নর হোকল বলেন।** "ডাউনটাউন সংস্কার উদ্যোগ আমাদের স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে সুযোগ উন্মুক্ত করতে, তাদের জলবায়ু লক্ষ্যগুলোতে পৌঁছাতে, আবাসন সংকট মোকাবেলা করতে সহায়তা করছে এবং এই বিনিয়োগের মাধ্যমে আমরা অয়েস্টার বে শহরকে একটি সুন্দর, ব্যস্ত ডাউনটাউন তৈরির জন্য প্রয়োজনীয় টুলগুলো প্রদান করছি।"

99 নিউব্রিজ রোড ট্রানজিট-ভিত্তিক ডেভেলপমেন্ট (Transit-Oriented Development, TOD) AR হিকসভিল LLC (AR Hicksville LLC) এর মাধ্যমে উন্নয়ন করা হচ্ছে এবং এটি আবাসিক ইউনিটগুলোর সংমিশ্রণ প্রদান করবে, যার মধ্যে 19টি অ্যাপার্টমেন্ট রয়েছে। এছাড়াও, এটি 7,000 বর্গফুটেরও বেশি রিটেইল এবং এর বাসিন্দাদের ও কমিউনিটির জন্য একটি ল্যান্ডস্কেপ পাবলিক প্লাজা প্রদান করবে।

এই উন্নয়নটি ডাউনটাউন হিকসভিলে নতুন ব্যবসায়িক কার্যক্রম ও আবাসন নিয়ে আসে, হ্যামলেট অব হিকসভিল তার 10 মিলিয়ন মার্কিন ডলারের ডাউনটাউন সংস্কার উদ্যোগ 2017 সালের বরাদ্দের অংশ হিসেবে প্রতিষ্ঠিত মূল লক্ষ্যগুলোর মধ্যে একটি। প্রকল্পটি কমিউনিটির DRI প্রাধান্য দেওয়া প্রকল্পগুলোর মধ্যে একটি হিসেবে চিহ্নিত করা হয়েছিল এবং DRI তহবিলে 1 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছিল। এই উন্নয়নটি দর্শনার্থী ও বাসিন্দাদের আকৃষ্ট করার জন্য অনেক ব্যবসায়িক উদ্যোগকে সুরক্ষা ও সমর্থন করবে যা সুযোগ-সুবিধার কেন্দ্রে পরিণত হবে এবং রিটেইল কার্যক্রমের মধ্যে ক্রস-ট্র্যাফিকে উন্নীত করবে।

হিকসভিলে স্টেটের 10 মিলিয়ন মার্কিন ডলারের DRI বিনিয়োগের অবশিষ্ট অংশটি LIRR স্টেশনের আশেপাশে অ্যাক্সেস ও পথচারীদের স্পেসসমূহ বৃদ্ধি করার জন্য টাউন প্রকল্পগুলোতে অর্থায়ন করেছে। এই উদ্যোগগুলোর মধ্যে রয়েছে পথচারীদের নিরাপত্তা বৃদ্ধি, ব্রডওয়ে (রুট 107) ও নিউব্রিজ রোডের কিছু অংশে হাঁটার সুযোগের উন্নতি ও সৌন্দর্যবর্ধন, পাশাপাশি নতুন উন্মুক্ত স্পেস ও একটি ফেস্টিভ্যাল প্লাজা তৈরি করা। এসব প্রকল্পের ডিজাইনগুলো প্রণয়নের কাজ চলছে।

DRI পরিকল্পনা প্রক্রিয়া এবং ফলস্বরূপ চূড়ান্ত পরিকল্পনায় একটি বিস্তৃত কমিউনিটি সম্পৃক্ততার প্রক্রিয়া জড়িত ছিল যা স্থানীয় অগ্রাধিকারগুলো চিহ্নিত করেছিল এবং এই প্রকল্পগুলোর জন্য তহবিল এখন সেই অগ্রাধিকারগুলোকে এগিয়ে নিয়ে যাচ্ছে। টাউনের পাবলিক রিয়েলম উন্নয়ন প্রকল্পগুলোর সাথে মিলিত হয়ে মিশ্র-ব্যবহারের উন্নয়ন হিকসভিল কমিউনিটির একটি প্রাণবন্ত ডাউনটাউনের দৃষ্টিভঙ্গিকে বাস্তবে নিয়ে আসে যা স্থানীয় ব্যবসায়ের মালিকগণের জন্য সুযোগগুলো উন্নত করার সময় এবং একটি মডেল কমিউনিটি তৈরির জন্য নতুন আবাসন মার্কেটগুলো অন্তর্ভুক্ত করার সময় এর “প্রধান সড়কের” বৈশিষ্ট্যকে প্রতিফলিত করে।

নিউ ইয়র্ক স্টেটের স্টেট সেক্রেটারি রবার্ট জে. রদ্রিগেজ বলেন, “আরো একবার ডাউনটাউন সংস্কার উদ্যোগ সকল শ্রেণির আয়ের মানুষ, ব্যাকগ্রাউন্ড ও যোগ্য লোকদের জন্য আবাসনের সুযোগ প্রদান করে আমাদের ডাউনটাউন কমিউনিটির ফ্যাব্রিককে উন্নত করে চলেছে। 99 নিউব্রিজ হাউজিং কমপ্লেক্সের নির্মাণ আবাসনের ভিন্নতা নিয়ে আসে এবং ডাউনটাউনের প্রাণবন্ততার একটি প্রয়োজনীয় বৈশিষ্ট্য প্রদান করে, যা আমাদের নিউ ইয়র্ক স্টেটে গভর্নরের দূরদর্শী আবাসন লক্ষ্য ও নীতিগুলো বাস্তবায়িত করার কাছাকাছি নিয়ে আসে।”

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন, "আজকের ভিত্তিপ্রস্তর হিকসভিলের আকর্ষণীয় নতুন অধ্যায় হিসেবে একটি অব্যবহৃত সম্পত্তির সংস্কার করছে - যা প্রাণবন্ত, অ্যাক্সেসযোগ্যতা ও অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধির মধ্যে একটি। রিটেইল স্পেসগুলোর সাথে LIRR সাশ্রয়ী মূল্যের আবাসনের সমন্বয় করে, এই ট্রানজিট-ভিত্তিক, মিশ্র-ব্যবহারের উন্নয়ন হিকসভিলের ডাউনটাউনকে সংযোগের একটি প্রতিশ্রুতিবদ্ধ কেন্দ্র হিসেবে পুনরায় বিশ্লেষণ করে যেখানে বাসিন্দারা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো উন্নতি করতে পারে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান কেভিন ল বলেন, "স্লোভসগুলো আনুষ্ঠানিকভাবে মাটি বিভক্ত করার সাথে সাথে এই প্রকল্পটি হিকসভিলের ডাউনটাউনের জন্য একটি গতিশীল ভ্যবিষ্যৎ তৈরি করে। এই ট্রানজিট-ভিত্তিক উন্নয়ন কেবল একটি প্রতিশ্রুতি নয়; এটি বাস্তব অর্থনৈতিক সমৃদ্ধির একটি পথ - নতুন খুচরা সুযোগের পাশাপাশি সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করে যা কর্মসংস্থান সৃষ্টিকে উদ্দীপিত করবে। এই বিনিয়োগগুলো পরিবারগুলোকে লালন-পালন, ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে ক্ষমতায়ন ও কমিউনিটিতে-বিস্তৃত সমৃদ্ধি বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকারকে নির্দেশ করে।"

LIREDC সহ-সভাপতি লিন্ডা আর্মিন, বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ফার্মিংডেল স্টেট কলেজের প্রেসিডেন্ট ড. জন নাদের বলেন, "এই উদ্ভাবনী উন্নয়ন সাশ্রয়ী মূল্যের আবাসন ও রিটেইল বিক্রয়কে এমন একটি ভিশনে সংহত করে যা হিকসভিলের অর্থনৈতিক ভবিষ্যতকে সক্রিয় করবে। 99 নিউব্রিজ হাউজিং কমপ্লেক্স অগণিত ব্যবসা প্রতিষ্ঠানকে সুরক্ষা ও সহায়তা করার জন্য প্রস্তুত, বাসিন্দাদের ও দর্শনার্থীদের একইভাবে সুযোগ-সুবিধার উন্নতিশীল কেন্দ্রে আকৃষ্ট করে যা আগামী প্রজন্মের জন্য নতুন হিকসভিলকে তুলে ধরবে।"

স্টেট সিনেটর স্টিভ রোডস বলেন, "আলপাইন প্রকল্পটি তখন কী অর্জন করা যেতে পারে তার একটি চমৎকার উদাহরণ যখন স্টেটের অনুমোদনসমূহ উপেক্ষা করে এবং পরিবর্তে স্থানীয় নির্বাচিত কর্মকর্তা, ব্যবসা প্রতিষ্ঠান ও বাসিন্দাদের সাথে আমাদের কমিউনিটির পরিপূরক আবাসনের সুযোগ তৈরি করতে কাজ করে। হিকসভিল একটি প্রাণবন্ত, ক্রমবর্ধমান ও বৈচিত্র্যময় জনপদ এবং পরিত্যক্ত বাণিজ্যিক ভবন ও একটি ভেঙে পড়া পার্কিং লটকে আধুনিক সুযোগ-সুবিধা ও হিকসভিল LIRR স্টেশনের পাশে সুন্দর রিটেইল স্পেস সহ 189টি আবাসিক ইউনিটে রূপান্তরিত করা একটি চমৎকার কমিউনিটিকে বসবাস, কাজ ও পরিবার গড়ে তোলার জন্য আরো আকর্ষণীয় জায়গায় পরিণত করতে সহায়তা করবে।"

অ্যাসেম্বলি মেম্বার চার্লস ডি. ল্যাভিন বলেন, "গভর্নর হোকল এবং তার দল কিভাবে তারা সল্প-আয়ের বাসিন্দাদের নান্দনিকভাবে ডিজাইন করা সাশ্রয়ী মূল্যের আবাসন অপশনগুলো সরবরাহ করতে তা দেখানো চালিয়ে যাচ্ছে। এই সুবিধাজনক স্থানটি বাসিন্দাদের গণ-পরিবহন এবং কাছাকাছি কেনাকাটার অপশনগুলোতে খুব সহজেই অ্যাক্সেস প্রদান করবে। এটি ডাউনটাউন হিকসভিল নতুনভাবে নির্মাণের একটি মূল ধাপ।"

অ্যাসেম্বলি মেম্বার জেক ব্লুমেনক্রানজ বলেন, "লং আইল্যান্ডবাসীদের দাবীগুলো তুলে ধরার পর এবং সফলভাবে আবাসন উন্নয়নের স্থানীয় নিয়ন্ত্রণকে এই শেষ আইনসভা অধিবেশনে চ্যাম্পিয়ন করার পর হিকসভিলে এই নতুন বিনিয়োগ ফলাফলের একটি দারুণ উদাহরণ যা সহযোগিতামূলক স্থানীয় সরকারকে সুযোগ দিলেই সেটা নিয়ে আসতে পারে। কর্মশক্তি আবাসন এবং কমিউনিটি বিউটিফিকেশন স্থানীয় ব্যবসা এবং বৃদ্ধিকে ত্বরান্বিত করে এবং আমি সংস্কার এলাকায় এটির প্রভাব দেখার অপেক্ষায় রয়েছি।"

অয়েস্টার বে শহরের সুপারভাইজার জোসেফ সালাদিনো বলেন, "আলপাইন রেসিডেনশিয়াল ডেভেলপমেন্টের এই 111.8 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য ধন্যবাদ

কারণ এর জন্যই হিকসভিল কমিউনিটিতে একটি রেঁনেসা আসছে। আমরা একসাথে বেসরকারি খাতের উন্নয়ন এবং সরকারি কাজের উন্নতির সাথে এগিয়ে যাচ্ছি যা হিকসভিল ব্যবসায়িক ডিস্টিক্টকে একটি প্রাণবন্ত ডাউনটাউনে রূপান্তরিত করে যা মিলেনিয়াল, পরিবার এবং বৃদ্ধ মাতা-পিতাগণ গণ-পরিবহনের কাছাকাছি আবাসন, রেস্তোঁরা এবং অফিসের জায়গাগুলোকে পেতে চায়। ডাউনটাউনের সংস্কার, স্থানীয় পার্কগুলোকে উন্নত এবং সম্পদের কর কম রাখার মাধ্যমে আমাদের কমিউনিটির জীবন যাত্রার মানকে উন্নত করার ব্যাপারে আমার প্রসাশন প্রতিশ্রুতিবদ্ধ। আজকের গ্রাউন্ড ব্রেকিং হলো ডাউনটাউন হিকসভিলে দুর্দান্ত জিনিসগুলোর আসা শুরু হয়েছে মাত্র এবং আমি গভর্নর হোকলকে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ এর জন্য তার অব্যাহত সমর্থনের জন্য ধন্যবাদ জানাই কারণ এটি আমাদের কমিউনিটির জন্য মিলিয়ন ডলারের স্টেটের অনুদান বরাদ্দ করেছে।"

আলপাইন রেসিডেনসিয়াল কো-ম্যানেজিং পার্টনার টড শেফলার বলেন, "ডাউনটাউন হিকসভিল সংস্কারের জন্য একটি অনুঘটক হিসাবে ভূমিকা পালন করা এই সম্পত্তির চালু না হওয়া সম্ভাবনাকে আনলক করার জন্য আমরা অত্যন্ত আনন্দিত। আমাদের লক্ষ্য হলো যথাযথ উন্নয়ন করা যেটা নির্বিঘ্নে আধুনিক আবাসন, আশেপাশের খুচরা বিক্রেতা এবং খোলা জায়গাকে একীভূত করে এবং একই সাথে এই জনশূন্য এলাকাটিকে একটি প্রাণবন্ত কমিউনিটি ব্যবস্থাপনায় রূপান্তরিত করবে। হিকসভিল লং আইল্যান্ড রেল রোড স্টেশনের পাশে একটি স্থান সহ আমাদের লক্ষ্য হলো পরিবহন-ভিত্তিক উন্নয়ন নীতিগুলোকে অগ্রাধিকার প্রদান করা, সংযোগ এবং অ্যাক্সেসযোগ্যতার উপর জোর প্রদান করা। আমরা নাসাউ কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি, অয়েস্টার বে টাউন এবং নিউ ইয়র্ক স্টেটের সহায়তার প্রশংসা করি এবং শহরের বৃদ্ধি এবং এর বাসিন্দাদের জীবনযাত্রার মানকে উন্নত করে তুলতে অত্যন্ত আগ্রহী।"

নাসাউ এবং সাফোক কাউন্টির বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের প্রেসিডেন্ট ম্যাথিউ অ্যারাসিচ বলেন, "আমি লং আইল্যান্ডে আবাসনের প্রয়োজনীয়তা মোকাবেলায় গভর্নরকে তার নতুন দৃষ্টিভঙ্গির জন্য প্রশংসা করতে চাই। ডাউনটাউন সংস্কারের উদ্যোগটি আমাদের স্টেট, আমাদের অঞ্চল এবং আমাদের জীবনযাত্রার মানের উন্নতির জন্য আমাদের কমিউনিটিগুলোকে অব্যাহতভাবে উৎসাহিত করে চলেছে। আলপাইন প্রকল্পটি বিশেষ করে নাসাউ কাউন্টিতে সবচেয়ে বেশি ব্যবহৃত LIRR স্টেশনের চারপাশে ট্রানজিট ভিত্তিক ডেভেলপমেন্টকে পরিবর্তনের জন্য আবারো মূল্যায়ন করার প্রতিশ্রুতি বজায় রেখেছে। লং আইল্যান্ড বাসীদের পরবর্তী প্রজন্মের জন্য এই জাতীয় প্রকল্পগুলো শুধু আবাসনের সুযোগই তৈরি করে না বরং চাকরির সুযোগও তৈরি করে যারা বিল্ডিং ট্রেডের শিক্ষানবিশ পাইপলাইনে যোগদান করবে।"

হিকসভিল ডাউনটাউন রিভাইটালাইজেশন কমিটির সহ-সভাপতি এবং ভিশন লং আইল্যান্ডের পরিচালক এরিক আলেকজান্ডার বলেন, "গত দেড় দশক ধরে কমিউনিটির সাথে আলোচনা করে ডাউনটাউন হিকসভিলের দীর্ঘ-প্রতীক্ষিত সংস্কার পরিকল্পনা তৈরি করা হয়েছে। এই দ্বিতীয় যথাযথ প্রকল্পটি ট্রেন এবং অন্যান্য পরিষেবার কাছাকাছি বাণিজ্যিক স্থান এবং অ্যাপার্টমেন্টগুলোর একটি স্থান নির্ধারণ করতে দেখতে পারায় আমরা আনন্দিত। এই

প্রকল্পটি বাস্তবায়িত করার জন্য গভর্নর হোকল, অয়েস্টার বে শহর, কমিউনিটির নেতাদের এবং উন্নয়ন কর্মীদের ধন্যবাদ জানাই।"

লং আইল্যান্ড ফেডারেশন অভ লেবার প্রেসিডেন্ট জন ডুরসো বলেন, "আজকের গ্রাউন্ড ব্রেকিং আবাসনের বিষয়টিকে ত্বরান্বিত করে এবং মূল ট্রানজিট ভিত্তিক উন্নয়নে কমিউনিটির দৃষ্টিভঙ্গি তুলে ধরে। আমরা শ্রমের মানদণ্ডের উপর জোর প্রদান করি এবং সেটা ভালো ইউনিয়ন কাজগুলোকে সহায়তা করে এবং লক্ষ্যের দিকে এগিয়ে যাবার প্রক্রিয়ায় কমিউনিটিগুলোকে অন্তর্ভুক্ত করা অব্যাহত ভাবে চালিয়ে যায়। এই মূল উপাদানগুলোকে একত্রিত করার সময় আমরা প্রজন্মগত ভাবে চলতে থাকা আবাসান সংকট যে সংকটে আমরা ভুগতে থাকি সেই ব্যাপারে প্রকৃত অগ্রগতি নিয়ে আসতে পারি। আজ অগ্রগতি। আমাদের অনেক কাজ করার আছে।"

2017 সালের একজন DRI বিজয়ী হিসেবে হিকসভিল মেগা-রিটেল হাব এবং ডাউনটাউন মম-এন্ড-পপ স্টোরফ্রন্ট উভয়কেই গ্রহণ করেছে। DRI তবিলের সাথে যুক্ত করে সংস্কারের জন্য জনসমর্থনটি পথচারীদের পরিবেশের উন্নতির জন্য এটিকে নিরাপদ করতে এবং হাঁটা এবং বাইক চালানোকে কার্যকর পরিবহন বিকল্প হিসাবে উৎসাহিত করার অনুমতি দেবে। লং আইল্যান্ড রেলরোডের ব্যস্ততম স্টেশনে স্থগিত থাকা উন্নয়নসমূহ এই এলাকার সত্যিকারের রেঁনেসার সুযোগ প্রদান করবে। কমিউটার ট্র্যাফিক এবং বাসস্থানের চাহিদার প্রত্যাশিত বৃদ্ধির সাথে সাথে হিকসভিলের লক্ষ্যের আওতায় নতুন করে ইভেন্টের জন্য জনসাধারণের উন্মুক্ত স্থান এবং আবাসনের স্টকের বৈচিত্রতা বৃদ্ধি অন্তর্ভুক্ত করা হয়েছে।

হিকসভিল, অয়েস্টার বে শহরের একটি ছোট্ট গ্রাম হলো সেন্ট্রাল নাসাউ কাউন্টির একটি পরিবহন সমৃদ্ধ এবং ক্রমবর্ধমান কমিউনিটি। DRI এলাকাটি সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত এবং জাতিগত ডাইনিং স্থাপনা, বিশেষ খাবারের বাজার এবং সাংস্কৃতিক কেন্দ্র, সেইসাথে খুচরা এবং অফিসের ব্যবহারের জন্য স্থান অন্তর্ভুক্ত রয়েছে।

ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের DRI, এটির অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির ভিত্তিপ্রস্তর, শহরের কেন্দ্রস্থলগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যেটি উন্নত জীবনযাত্রার মান অফার করে এবং এগুলো হলো পুনঃউন্নয়ন, ব্যবসা, চাকরি সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য আকর্ষণীয় অংশ। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর সহায়তায় স্টেট ডিপার্টমেন্টের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটার যোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহায্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে

DRI এর বিনিয়োগ করা প্রায় 3,500 ইউনিট ডাউনটাউন হাউজিং এর প্রায় এক তৃতীয়াংশই হলো সাশ্রয়ী মূল্যের এবং রাউন্ড 6 অর্থায়ন কমিউনিটিগুলো তাদের কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা এবং প্রস্তাবিত প্রকল্পগুলো জমা দেওয়ার কারণে অনলাইনে আরো অনেক কিছু আসবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন